

Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 27 March, 2025

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি) ছাত্রদল ১১ দিন ব্যাপী বন্ধ ক্যাম্পাসে অবস্থানরত ক্ষুধার্ত প্রাণীদের খাওয়ানোর বন্দোবস্ত ও চিকিৎসা কার্যক্রমের মতো এক ব্যতিক্রমী উদ্যোগ হাতে নিয়েছে।

২৭ মার্চ (বৃহস্পতিবার) সকাল থেকেই ছাত্রদলের সদস্যরা ক্যাম্পাসের বিভিন্ন স্থানে ঘুরে ঘুরে কুকুর, বিড়ালসহ অন্যান্য প্রাণীদের জন্য খাবার সরবরাহ করছে। তারা ভাত, খিচুড়ি, মাংস, বিস্কুটসহ বিভিন্ন খাবার প্রদানের পাশাপাশি, অসুস্থ ও আহত প্রাণীদের জন্য তারা ওষুধ ও চিকিৎসা দিচ্ছে।

এসময় উপস্থিত ছিলেন ছাত্রদল বাকুবি শাখার আহ্বায়ক মো. আতিকুর রহমান, সদস্যসচিব মো. শফিকুল ইসলাম, সিনিয়র যুগ্ম আহ্বায়ক এ এম শোয়াইবসহ ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

শাখা ছাত্রদলের আহ্বায়ক মো. আতিকুর রহমান বলেন, “মানুষের পাশাপাশি অবলা প্রাণীরাও আমাদের সমাজের অংশ। তারা যেন খাবারের অভাবে কষ্ট না পায়, সেই দায়িত্ববোধ থেকেই আমরা কাজ করছি। যতদিন ক্যাম্পাস বন্ধ থাকবে, ততদিন আমরা প্রাণীগুলোর জন্য খাবার ও চিকিৎসার ব্যবস্থা অব্যাহত রাখব।”

তিনি আরও বলেন, “এই ধরনের উদ্যোগ আমাদের মধ্যে মানবিকতা ও দায়িত্ববোধ গড়ে তোলবে। এটা শুধু প্রাণীদের সাহায্যই নয়, বরং সামাজিক সচেতনতা বৃদ্ধিরও একটি দৃষ্টান্ত।”

বিশ্ববিদ্যালয়ের পশুপালন অনুষদের শিক্ষার্থী জুনায়েদ বলেন, “ছাত্রদলের এসব কার্যক্রম অন্যান্য শিক্ষার্থী ও সংগঠনগুলোর জন্য অনুপ্রেরণা হিসেবে কাজ করতে পারে। এই ধরনের উদ্যোগ শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি প্রাণীদের কল্যাণ নিশ্চিত করতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্রদল,

